

২৬খ। তত্ত্বাবধানাধীন সরবরাহ (Supervised Supply), পর্যবেক্ষণ ও নজরদারী সংক্রান্ত বিধান।-

(১) এই আইনের ধারা ৬ এর উপ-ধারা (৪ক) এর উদ্দেশ্য পূরণকল্পে কমিশনার কোন নিবন্ধিত ব্যক্তির উৎপাদনস্থল, সরবরাহস্থল, সেবা প্রদানস্থল বা ব্যবসায়স্থলে পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার জন্য এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তা নিয়োগ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(২) কমিশনারের যদি বিশ্বাস করিবার যথেষ্ট কারণ থাকে যে, কোন করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে প্রাপ্য পণ ও করের হিসাব সঠিকভাবে মূল্য সংযোজন কর সংক্রান্ত পুস্তক ও বাণিজ্যিক দলিলাদিতে উল্লেখ বা দাখিলপত্রে ঘোষণা প্রদান করেন না, অথবা পণ্য সরবরাহ বা সেবা প্রদানের বিপরীতে চালানপত্র ইস্যু করেন না বা চালানপত্র ইস্যু করিলেও আইনানুগভাবে ইস্যু করেন না অথবা কর প্রদানের দায়-দায়িত্ব পরিহারের উদ্দেশ্যে মূল্য সংযোজন কর কর্তৃপক্ষকে করযোগ্য পণ্য ও সেবার লেনদেন বা বিক্রয় সংক্রান্ত তথ্য প্রদান করেন না অথবা অসত্য তথ্য প্রদান করেন, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তির প্রকৃত করের দায়-দায়িত্ব নিরূপণের লক্ষ্যে, তিনি যেই সময় পর্যন্ত যুক্তিযুক্ত মনে করেন সেই সময় পর্যন্ত উক্ত ব্যক্তির পণ্য সরবরাহ বা সেবা প্রদান বা ব্যবসায়স্থলে পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধানাধীন সরবরাহ নিশ্চিত করার উদ্দেশ্যে এক বা একাধিক মূল্য সংযোজন কর কর্মকর্তা নিয়োগ ও প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করিতে পারিবেন।

(৩) উপ-ধারা (১) ও (২) এর অধীন নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা উল্লিখিত করদাতার পণ্য সরবরাহ অথবা সেবা প্রদান কার্যক্রম পর্যবেক্ষণ, নজরদারী ও তত্ত্বাবধান করিতে পারিবেন এবং এইরূপ পর্যবেক্ষণ বা নজরদারী বা তত্ত্বাবধানের মাধ্যমে প্রাপ্ত করযোগ্য পণ্য বা সেবার লেনদেন বা বিক্রয় বা প্রযোজ্য কর সংক্রান্ত তথ্য কমিশনারের নিকট উপস্থাপন করিবেন, যাহার ভিত্তিতে কমিশনার উক্ত করদাতার সংশ্লিষ্ট করমেয়াদ বা অন্য যে কোন করমেয়াদের কর নির্ধারণ করিতে পারিবেন।

(৪) যদি কমিশনারের বিশ্বাস করিবার যুক্তিসঙ্গত কারণ থাকে যে, কোন করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারী ধারা ৩২ অনুযায়ী চালানপত্র প্রদান করেন না বা অসত্য চালানপত্র প্রদান করেন অথবা ধারা ৩১ মোতাবেক রক্ষিত হিসাবপত্রে বা ধারা ৩৫ এর অধীনে প্রদত্ত কোন কর মেয়াদের দাখিলপত্রে বিক্রয় মূল্য বা সর্বমোট প্রাপ্তি সঠিকভাবে প্রদর্শন করেন না, সেইক্ষেত্রে তিনি উক্ত করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর সহিত তুলনীয় অভিন্ন অবস্থান, পরিবেশ ও পরিস্থিতিসম্পন্ন অনুরূপ করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর বিক্রয় মূল্য বা সর্বমোট প্রাপ্তি বা অন্যান্য প্রাসঙ্গিক তথ্যাদি বিবেচনাপূর্বক প্রথম লব্ধ ধারণার ভিত্তিতে বিবেচ্য করযোগ্য পণ্যের সরবরাহকারী বা সেবা প্রদানকারীর জন্য প্রতি করমেয়াদে ন্যূনতম বিক্রয়ের পরিমাণ, মূল্য সংযোজনের পরিমাণ, প্রদেয় করের ভিত্তিমূল্য বা প্রদেয় করের পরিমাণ নির্ধারণ করিতে পারিবেন।

(৫) এই ধারার বিধান কার্যকর করার ক্ষেত্রে করদাতার অনুকূলে শুনানীর সুযোগদান সংক্রান্ত আইনের অন্যান্য বিধানাবলী অনুসরণ করিতে হইবে।